People First

# ম্যাটারনিটি এন্ড নিউনেটাল ইন্ডিপেন্ডেন্ট সিনিয়র অ্যাডভোকেসির ব্যাপারে

## আপনার নির্দেশিকা

আপনি যদি নর্থ ইস্ট বা বা নর্থ কামব্রিয়াতে কেয়ার বা সেবা পেয়ে থাকেন এবং আপনার সহায়তার প্রয়োজন হয়, তাহলে পিপল ফার্স্ট আপনাকে সাহায্য করতে পারে।

wearepeoplefirst.co.uk

# স্বাধীন অ্যাডভোকেসি কি?

অ্যাডভোকেসি হল কথা বলা। এটি হলো আপনার পক্ষে কথা বলার জন্য সঠিক সময় সঠিক তথ্য যথাস্থানে থাকা।কখনও কখনও কারো পক্ষ হয়ে কথা বলার জন্য অনেকের একজন অ্যাডভোকেটের সাহায্যের দরকার হয়।

স্বাধীন অ্যাডভোকেসি হলো যখন একজন ব্যক্তি হেলথ এন্ড সোশ্যাল কেয়ার সার্ভিসের থেকে স্বাধীন এমন কোনো ব্যক্তির কাছ থেকে সহায়তা পান। এদেরকে বলা হয় স্বাধীন অ্যাডভোকেট।

স্বাধীন অ্যাডভোকেট নিম্নোক্ত বিষয়ে আপনাকে সাহায্য করতে পারেন:

- আপনি এবং আপনার পরিবারের কথা শোনা
- তদন্ত এবং অভিযোগ প্রক্রিয়ার ব্যাপারে আপনাকে সহায়তা প্রদান
- আপনার কেয়ার বা সেবা পাওয়াকালীন সময় কি হচ্ছে সেটি আপনাকে বুঝতে সাহায্য করা

# ম্যাটারনিটি এন্ড নিউনেটাল ইন্ডিপেন্ডেন্ট সিনিয়র অ্যাডভোকেট কি?

ম্যাটারনিটি এন্ড নিউনেটাল ইন্ডিপেন্ডেন্ট সিনিয়র অ্যাডভোকেসি হলো ম্যাটারনিটি এবং/বা নিউনেটাল কেয়ার গ্রহণের সময় এসব প্রোভাইডারদের কাছ থেকে যদি কেউ কোনো "প্রতিকুল ফলাফল পান বা বাজে অভিজ্ঞতা" হয় তাহলে সেসব ভুক্তভোগী নারী, জন্মদাত্রী মাতা ও পরিবারদের কথা যাতে শোনা হয় সেটি নিশ্চিতে সহায়তা প্রদান।

আমাদের ম্যাটারনিটি এন্ড নিউনেটাল ইন্ডিপেন্ডেন্ট সিনিয়র অ্যাডভোকেট টিম আপনার সেবা বা পরিচর্যা প্রদানকারী ট্রাস্ট থেকে স্বাধীন।তারা একটি স্বাধীন অ্যাডভোকেসি প্রোভাইডার পিপল ফাস্টের কাছে রিপোর্ট করে এবং পিপল ফাস্ট হলো এদের নিয়োগকর্তা।

**পিপল ফাস্ট ম্যাটারনিটি এন্ড নিউনেটাল ইন্ডিপেন্ডেন্ট সিনিয়র অ্যাডভোকেসির ব্যাপারে নির্দেশিকা**

# আমরা একটি "প্রতিকূল ফলাফল" বলতে কি বুঝি?

**পাইলট পর্বের সময় আপনি যদি নিম্নোক্ত ফলাফলগুলোর মধ্যে কোনটি অনুভব করেন তাহলে ম্যাটারনিটি এন্ড নিউনেটাল ইন্ডিপেন্ডেন্ট সিনিয়র অ্যাডভোকেটগণ আপনাকে সহায়তা প্রদান করবেন:**

- আপনার গর্ভধারণের 24 সপ্তাহ পার হওয়ার পর, আপনার শিশুটি যদি জন্মের আগে বা জন্মের সময় মারা যায়
- আপনার শিশু যদি জন্মের 28 দিনের মধ্যে মারা যায়
- আপনার শিশুর মস্তিষ্কে আঘাত লাগে বা মস্তিষ্কে আঘাত লেগেছে বলে সন্দেহ করা হয়
- আপনাকে একটি গুরুতর বা নিবিড় পরিচর্যা ইউনিটে পরিচর্যা করা হয় এবং এটি অপ্রত্যাশিত ছিল।
- আপনার সন্তানের জন্ম হওয়ার 6 সপ্তাহের মধ্যে আপনার একটি অপ্রত্যাশিত বা অপরিকল্পিত হিস্টেরেক্টমি (আপনার জরায়ু কেটে ফেলতে হয়েছিল) করা হয়
- শিশুর মা বা জন্মদানকারী ব্যক্তি মারা গেছেন

# আমরা কোন কোন এলাকা কভার করি?

আপনি যদি নর্থ ইস্ট বা নর্থ কামব্রিয়াতে আপনার ম্যাটারনিটি এবং/বা নিউন্যাটাল কেয়ার পেয়ে থাকেন এবং একটি "প্রতিকূল ফলাফল" অনুভব করেন তবে আপনি আমাদের সহায়তার জন্য উপযুক্ত হবেন।

# যদি আপনি উপযুক্ত না হন?

আপনি যদি পিপল ফার্স্ট থেকে সহায়তার জন্য উপযুক্ত না হন তবে আমাদের টিম আপনাকে এমন পরিষেবাগুলো খুঁজে পেতে সহায়তা করবে যারা আপনাকে সহায়তা করতে সক্ষম হবে।

# আমাদের অ্যাডভোকেটরা আপনাকে কী সহায়তা করতে পারে?

**আপনি যদি একটি “প্রতিকূল ফলাফল” অনুভব করেন তাহলে আমাদের অ্যাডভোকেটরা আপনাকে নিম্নোক্ত সহায়তা করতে পারেন:**

- আপনার ম্যাটারনিটি এবং/বা নিউনেটাল কেয়ার প্রোভাইডারদের কাছে আপনার ও আপনার পরিবারের কথা বা বক্তব্য তুলে ধরতে আপনাকে সাহায্য সহযোগিতা প্রদান
- আপনার সাথে মিটিং এ যোগ দেওয়া
- আপনাকে স্বাস্থ্যসেবা ব্যবস্থার সাথে যুক্ত হতে সহায়তা করা
- তদন্ত এবং অভিযোগ প্রক্রিয়ার ব্যাপারে আপনাকে সহায়তা প্রদান

আপনি না চাইলে আপনাকে আমাদের পরিষেবা ব্যবহার করতে হবে না। আপনি কোনো কারণ ছাড়াই যে কোনো সময় এই পরিষেবাটির ব্যবহার বন্ধ করতে পারেন।

# আমাদের অ্যাডভোকেটরা আপনাকে যেসব ব্যাপারে সাহায্য করতে পারে না?

**আমাদের ম্যাটারনিটি এন্ড নিউনেটাল ইন্ডিপেন্ডেন্ট সিনিয়র অ্যাডভোকেটরা আপনাকে নিম্নোক্ত ব্যাপারে সহায়তা করতে পারবে না যদি:**

→ আপনার উদ্বেগ শুধুমাত্র “প্রতিকূল ফলাফল” –এর উপর না হয়ে বরং এটি আপনার সন্তান কোথায় জন্ম নিবে সে ব্যাপারে আপনার পছন্দ বেছে নেওয়ার উপর।

→ ম্যাটারনিটি ও নিউনেটাল সার্ভিসের ব্যাপারে আপনার কিছু সাধারণ প্রশ্ন থাকে।

আপনি এই পরিষেবার জন্য উপযুক্ত কিনা তা নিশ্চিত না হলে আমাদের সাথে যোগাযোগ করুন.

# কেন পাইলট তৈরি করা হয়েছিল?

ম্যাটারনিটি এন্ড নিউনেটাল ইন্ডিপেন্ডেন্ট সিনিয়র অ্যাডভোকোট হলো একটি নতুন পদ যা ইংল্যান্ডে নারী, জন্মদাত্রী ব্যক্তি এবং পরিবারকে সহায়তা করার জন্য পরিচালিত হচ্ছে। এটি শ্রেউসবারি এবং টেলফোর্ড হাসপাতালের ম্যাটারনিটি কেয়ারের ব্যপারে ওকেন্ডেন রিভিউ-এ চিহ্নিত হওয়া জরুরী ও প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার কথা বলার প্রেক্ষিতে করা হয়েছে।

এই পদটি NHS ইংল্যান্ড কর্তৃক তৈরি করা হয়েছে যারা প্রতিকূল ফলাফলের সম্মুখীন হওয়া লোকজন ও NHS কর্মীদের সাথে কাজ করে।

পাইলট শেষে, তখনও আপনার উদ্বেগ থাকলে আপনার সাথে একটি ফলো-আপ সাপোর্ট প্ল্যান প্রস্তুত করা হবে।

ওকেন্ডেন রিভিউ হলো শ্রেউসবারি এবং টেলফোর্ড হাসপাতাল NH S ট্রাস্টের ম্যাটারনিটি পরিষেবাগুলোর একটি পর্যালোচনা যেখানে কেট স্ট্যান্টন-ডেভিস এবং পিপা গ্রিফিথের পিতামাতা 23 টি উদ্বেগের ঘটনা একত্রিত করেছেন যেগুলো পরীক্ষা নিরীক্ষা করা হয়েছে, স্ট্যান্টন-ডেভিস এবং পিপা গ্রিফিথ উভয়েই NHS ট্রাস্টে যত্ন নেওয়ার সময় মারা যায়। পর্যালোচনাটি 1973 থেকে 2020 সালের মধ্যে 1486 পরিবারকে দেওয়া পরিচর্যা বা সেবার বিষয়গুলো খতিয়ে দেখার জন্য প্রসারিত হয়েছে।

# আপনি কিভাবে আমাদের সাথে যোগাযোগ করবেন?

প্রদত্ত কোন সহায়তার জন্য কোন চার্জ বা ফি নেই, এবং প্রয়োজনে দোভাষী পাওয়া যায়।

আপনি যদি আমাদের সাথে যোগাযোগ করতে চান তাহলে আপনি এটি করতে পারেন:

- আমাদেরকে কল করতে পারেন: **0300 303 8037** নম্বরে
- আমাদেরকে ইমেইল করুন: **MNISA@wearepeoplefirst.co.uk**

আপনি যদি একটি ভিন্ন ফর্ম্যাটে এই তথ্য পেতে চান তাহলে তা আমাদের জানান।

## আরও জানতে QR কোডটি স্ক্যান করুন।

**আমরা একটি দাতব্য প্রতিষ্ঠান**
পিপল ফার্স্ট ইন্ডিপেন্ডেন্ট অ্যাডভোকেসি এরিয়া
রেজিস্ট্রার্ড চ্যারিটি। নং 1184112

**wearepeoplefirst.co.uk**